Through Knowledge towards Jannah

Islamic Online Madrasah – IOM

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

রিসার্চের বিষয়ঃ

জিহাদ: ইসলাম এবং আধুনিক ভুল ধারণা

তত্ত্বাবধায়নেঃ

মাও: সাইফুদ্দীন শাকিল

রিসার্চ ডিপার্টমেন্ট

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

মোসা ফারহানা ইয়াসমিন

রোলঃ 228022059

২০ মে, ২০২৫ ইং

Through Knowledge towards Jannah

Islamic Online Madrasah – IOM

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

রিসার্চের বিষয়ঃ

জিহাদ: ইসলাম এবং আধুনিক ভুল ধারণা

এই রিপোর্ট টি ইসলামিক অনালাইন মাদ্রাসার ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজের একটি আনুসাঙ্গিক রিপোর্ট।

তত্ত্বাবধায়নেঃ

মাওঃ সাইফুদ্দীন শাকিল

রিসার্চ ডিপার্টমেন্ট

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

মোসা ফারহানা ইয়াসমিন

রোলঃ 228022059

Through Knowledge towards Jannah

Islamic Online Madrasah – IOM

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, “ জিহাদ: ইসলাম এবং আধুনিক ভুল ধারণা ” বিষয়ক গবেষণাপত্র টি আমার তত্ত্বাবধানে ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্ট থেকে মোসা ফারহানা ইয়াসমিন, আইডিঃ 228022059 বিচক্ষনতার সাথে সম্পন্ন করেছেন।

(স্বাক্ষর)

তত্ত্বাবধায়নেঃ

মাও: সাইফুদ্দীন শাকিল
রিসার্চ ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

(স্বাক্ষর)

এক্সটারনালঃ

মাও: আলী হাসান
তাজবীদ ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

ঘোষণাপত্র

আমি নিম্নস্বাক্ষরকারী এ মর্মে ঘোষণা করছি যে, " জিহাদ: ইসলাম এবং আধুনিক ভুল ধারণা " শিরোনামে এই গবেষণাপত্র ইসলামিক অনলাইন মাদ্রাসার (Islamic Online Madrasah – IOM) ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের মাও: সাইফুদ্দীন শাকিল উস্তাদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও নির্দেশনায় সম্পন্ন করেছি। অন্য কোন বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানে কোন প্রকার ডিগ্রি/ডিপ্লোমা অর্জনের জন্য বা প্রকাশের জন্য গবেষণাপত্র সম্পূর্ণ কিংবা এর অংশবিশেষ উপস্থাপন করা হয়নি।

আমি আরও ঘোষণা করছি যে, এই গবেষণা কর্মটি আমার নিজস্ব মৌলিক রচনা। আমার জানা মতে ইতিপূর্বে আর কোন ব্যক্তি এই শিরোনামে কোন গবেষণাপত্র রচনা করেননি।

(স্বাক্ষর)

তারিখঃ

২০ মে, ২০২৫ ইং

মোসা ফারহানা ইয়াসমিন

আইডিঃ 228022059

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ।

ইসলামিক অনলাইন মাদ্রাসা।

সূচিপত্র

ভূমিকা

প্রতিটি মানুষের জন্য অপরিহার্য হল কোন কিছু শুরু করার আগে তার বাস্তবতা সম্পর্কে অবগত হওয়া যেমন আমরা কোন কাজ বড় বা ছোট হলেও শুরু করার আগে তার পূর্ব পরিকল্পনা করে রাখি সেই ব্যাপারে ইতিবাচক এবং নেতিবাচক ধারণার নিয়ে রাখি ঠিক তেমনি জিহাদ হচ্ছে একটি গুরুত্বপূর্ণ ইবাদত প্রত্যেক মুসলিমের জন্য অপরিহার্য হল জিহাদের বাস্তবতা সম্পর্কে অবগত হওয়া বর্তমান সমাজকে শান্তিপূর্ণভাবে রাখতে এ বিষয়ে সুধারণা রাখা

আল্লাহ তায়ালা পবিত্র কুরআনে দুই জায়গায় দুটি আয়াতের মাঝে জিহাদ ও সবর, জিহাদ ও ধৈর্য ধারণ দুটি শব্দকে পাশাপাশি উল্লেখ করেছেন

**** সূরা আলে ইমরানের ৩:১৪২ নম্বর আয়াতে আল্লাহতালা ইরশাদ করেছেন -***

اَمْ حَسِبْتُمْ اَنْ تَدْخُلُوا الْ
جَنَّةَ وَلَمَّا يَعْلَمِ اللّٰهُ الَّذِيْنَ جٰهَدُوْا مِنْكُمْ وَيَعْلَمَ الصّٰبِرِيْنَ

তোমরা কি মনে কর যে, তোমরা এমনিতেই জান্নাতে প্রবেশ করবে?[১] যতক্ষণ না আল্লাহ তোমাদের মধ্যে কে জিহাদ করেছে এবং কে ধৈর্যশীল তা না জানছেন! [২]

__[১]__ অর্থাৎ, বিনা যুদ্ধে এবং কোন কঠিন পরীক্ষার সম্মুখীন না হয়েই তোমরা জান্নাতে চলে যাবে? না, বরং জান্নাত তারাই লাভ করবে, যারা (আল্লাহ কর্তৃক) পরীক্ষায় পূর্ণভাবে সফলতা অর্জন করবেন।

__[২]__ এই বিষয়টি ইতিপূর্বে সূরা বাক্বারায় আলোচিত হয়েছে। এখানেও আলোচ্য-বিষয়ের সাথে সামঞ্জস্য বজায় রেখে আবারও বর্ণনা করে বলা হচ্ছে যে, জান্নাত এমনিতেই পেয়ে যাবে না। এর জন্য পরীক্ষার তেপান্তর অতিক্রম করতে হবে এবং জিহাদের ময়দানেও তোমাদেরকে পরীক্ষার সম্মুখীন হতে হবে। সেখানে দেখা হবে শত্রুর বেষ্টনীর মধ্যে থেকে তোমরা ধৈর্য ও দৃঢ়তার

****সূরা মুহাম্মদের ৩১ নম্বর আয়াতে ইরশাদ করেছেন,***

وَلَنَبْلُوَنَّكُمْ حَتّٰي نَعْلَمَ الْمُجٰهِدِيْنَ مِنْكُمْ وَالصّٰبِرِيْنَ ۙ وَنَبْلُوَاْ اَخْبَارَكُم

আর আমি অবশ্যই তোমাদেরকে পরীক্ষা করব যতক্ষণ না আমি প্রকাশ করে দেই তোমাদের মধ্যে কারা জিহাদকারী ও ধৈর্যশীল এবং আমি তোমাদের কথা- কাজ পরীক্ষা করে নেব।[১]

[১] আল্লাহ তাআলার প্রথম থেকেই জানা আছে। এখানে জানার অর্থ, তা বাস্তবায়িত ও সংঘটিত হওয়া। যাতে অন্যরাও জেনে এবং দেখে নেয়।
আল্লাহ তাআলা একই আয়াতে জিহাদ ও ধৈর্য ধারণকে একত্রিত করেছেন কারণ ধৈর্য ধারণ ছাড়া কখনোই জিহাদ সম্ভব নয়
সবচেয়ে বড় পরীক্ষা হচ্ছে ***জিহাদ ফী সাবিলিল্লাহ***। অনেকেই জিহাদকে পরীক্ষা মনে করেন না কিন্তু জিহাদ হচ্ছে বান্দার জন্য সবচেয়ে বড় পরীক্ষা । যাদের মাধ্যমে আল্লাহতালা আমাদের পরীক্ষা করেন আমাদের জানমাল আল্লাহর রাস্তায় প্রস্তুত নাকি আমরা এগুলো খরচ করতে কৃপণতা করছি বিলম্ব না করছি , জিহাদ হচ্ছে জান্নাতে যাওয়ার সংক্ষিপ্ত পথ
জিহাদের পথে পা বাড়ানোর আগে জিহাদি জীবনের বাস্তবতা কে উপলব্ধি করা প্রয়োজন তাই আমাদের উচিত বর্তমান অবস্থায় জিহাদ সম্পর্কে সঠিক ধারণা রাখা এবং দাওয়াতি হিসেবে এই ধারণা ছড়িয়ে দেওয়া

জিহাদ *(جهاد)* একটি গুরুত্বপূর্ণ ও বহুমাত্রিক ইসলামী ধারণা, যা নিয়ে রিসার্চ বা গবেষণার প্রয়োজনীয়তা রয়েছে কয়েকটি কারণে।যেমন:

১. অর্থ ও পরিপ্রেক্ষিত বোঝা:
জিহাদ মানে শুধু যুদ্ধ নয়। এর মূল অর্থ *"প্রচেষ্টা" বা "সংগ্রাম"* — যা আত্মিক, সামাজিক, রাজনৈতিক, বা সামরিক হতে পারে। তাই, রিসার্চ ছাড়া এর প্রকৃত তাৎপর্য ও প্রেক্ষাপট বোঝা কঠিন।

২. বিভিন্ন প্রকার জিহাদ : যেমন:
* নফসের বিরুদ্ধে জিহাদ (আত্মসংগ্রাম)
* শয়তানের বিরুদ্ধে লড়াই
* অবিচারের বিরুদ্ধে কথা বলা (সত্যের জন্য দাঁড়ানো)
* প্রয়োজনে আত্মরক্ষার জন্য যুদ্ধ

এই বিভাজনগুলো পরিষ্কারভাবে বুঝতে রিসার্চ জরুরি।

৩. আধুনিক ভুল ব্যাখ্যার প্রতিকার:
অনেক সময় মিডিয়া বা কিছু গোষ্ঠী জিহাদকে শুধুই সহিংসতার প্রতীক হিসেবে তুলে ধরে, যা ভুল এবং বিভ্রান্তিকর। রিসার্চ করলে প্রকৃত ইসলামী দৃষ্টিভঙ্গি স্পষ্ট হয়।

৪. ইসলামী ইতিহাস ও প্রসঙ্গ বোঝা:
রাসূলুল্লাহ (সা.)-এর জীবনে বিভিন্ন জিহাদের (বিশেষ করে গাজওয়াহগুলোর) প্রেক্ষাপট, উদ্দেশ্য ও ফলাফল জানা জরুরি, যাতে বোঝা যায় ইসলাম কখন, কেন, এবং কীভাবে জিহাদের অনুমতি দেয়।

৫. ফিকহ ও শরিয়াহ অনুযায়ী শর্তগুলো জানা:
ইসলামে জিহাদ করার নির্দিষ্ট নিয়ম ও শর্ত আছে, যেমন নেতৃত্ব, উদ্দেশ্য, নিরীহদের নিরাপত্তা ইত্যাদি। এগুলো রিসার্চ ছাড়া বোঝা সহজ নয় ।

৬. আধুনিক বাস্তবতায় প্রয়োগ বোঝা:
আজকের রাজনৈতিক, সামাজিক বা ব্যক্তিগত পরিপ্রেক্ষিতে জিহাদের তাৎপর্য কীভাবে প্রয়োগযোগ্য — তা বোঝার জন্য গবেষণা অপরিহার্য।

জিহাদের সঙ্গা:

জিহাদ একটি আরবি শব্দ, যার অর্থ **"সংগ্রাম"** বা **"প্রচেষ্টা করা"**। ইসলামী পরিভাষায়, *জিহাদ বলতে আল্লাহর পথে নিজের জান-মাল ও সামর্থ্য ব্যয় করে ন্যায় ও সত্য প্রতিষ্ঠার জন্য চেষ্টা করাকে বোঝানো হয়।* এটি শুধু যুদ্ধের অর্থে সীমাবদ্ধ নয় বরং আত্মশুদ্ধি, সমাজসেবা, ও অন্যায়ের বিরুদ্ধে দাঁড়ানো ইত্যাদি সকল ধরনের ইতিবাচক প্রচেষ্টাকেও অন্তর্ভুক্ত করে।

জিহাদের প্রকারভেদ:

জিহাদ প্রধানত চার প্রকার:

১. (জিহাদুন্নফস) নফসের বিরুদ্ধে জিহাদ :

এই নাফসকে তিন ভাগে ভাগ করা হয়েছে-

১. নাফসে আম্মারাহ

নাফসে আম্মারার স্বভাবগত চাহিদা এটাই যে, মন্দ কামনা, শয়তানের অনুসরণ, কু-প্রবৃত্তির বাসনা চরিতার্থ করা, যাতে করে হারাম কাজ করা তার জন্য সহজতর হয়। এই আত্মা সর্বদা রুহ এর সাথে যুদ্ধ করে জয়ই হয়। রুহ সর্বদা পরাজয় হয়।

আল্লাহ তায়ালা বলেছেন- সূরা ইউসুফ (১২:৫৩)

اِنَّ النَّفۡسَ لَاَمَّارَۃٌۢ بِالسُّوۡٓءِ اِلَّا مَا رَحِمَ رَبِّیۡ ؕ

নিশ্চয় মানুষের নাফস খারাপ কাজের নির্দেশ দিয়েই থাকে, কিন্তু সে নয়, যার প্রতি আমার রব দয়া করেন

যখন মানুষ ইসলাম ও ঈমান অনুযায়ী চলে না তখন নাফসুল আম্মারাহ্ প্রভাব বিস্তার করে এবং সে পাপাচারে নিমজ্জিত হয়। যারা গান-বাজনা-অশ্লীলতা সহ বিভিন্ন পাপে লিপ্ত এবং তাতে তারা ইতস্তত বোধ করে না তাদের আত্মা নফসুল আম্মারাহ্।

২. নাফসে লাওওয়ামাহ

এ প্রকারের আত্মায়ও মন্দ, শয়তানী কুমন্ত্রণা, কুপ্রবৃত্তির বাসনা ইত্যাদি জিনিসের উদয় হয়; তবে পরক্ষণেই এই নাফসের অধিকারী ব্যক্তি তার কৃতকর্মের জন্য নিজেকে অধিক ধিক্কার দেয়, তিরস্কার করে, অনুশোচনা প্রকাশ করে, অনুতপ্ত হয় ও লজ্জাবোধ করে। কেননা তাতে সামান্যতম হ’লেও ঈমানের জ্যোতি বিদ্যমান। আল্লাহ বলেন- **সূরা ক্বিয়ামাহ(৭৫:১-২)।**

وَ لَاۤ اُقۡسِمُ بِالنَّفۡسِ اللَّوَّامَۃِ – لَاۤ اُقۡسِمُ بِیَوۡمِ الۡقِیٰمَۃِ ۙ

‘আমি শপথ করি ক্বিয়ামত দিবসের, আরও শপথ করি সেই আত্মার, যে নিজেকে ধিক্কার দেয়’

এই নফস মাঝে মাঝে রুহ এর সাথে যুদ্ধ করে জয়ই হয় আবার মাঝে মাঝে রুহ জয়ই হয়। এই নাফসের অধিকারী ব্যক্তিবর্গ ভালও করেন, আবার মন্দও করেন। তবে, পার্থক্য

যে, মন্দ কাজ করার পর পরই অনুশোচনা বা বিবেকের দংশণে জর্জরিত হন। অতঃপর আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করেন। এদের আল্লহপাক হয়তো ক্ষমা করে দিবেন, অথবা মন্দকর্মের ফল যতটুকু হয় তা পৃথিবীতে বা পরকালে দিয়ে মুক্তিদান করবেন। যখন মানুষ তার ভুল বুঝতে পারে এবং তওবা করে। যখন কেউ ইসলাম জানতে ও মানতে শুরু করে তখন নাফসুল লাওয়ামা প্রভাব বিস্তার করে এবং সে অন্যায় করতে বিব্রত বোধ করে। এটা হল মানুষের শুদ্ধতার প্রাথমিক অবস্থা।

৩. নাফসে মুত্বমাইন্নাহ

এই প্রকারের আত্মা আল্লাহর আনুগত্য ও যিকর দ্বারা মনে প্রশান্তি অনুভব করে। সকল প্রকার আনুগত্যের কর্মকান্ড সম্পাদন করে ঈমানের পরিপূর্ণ স্বাদ লাভ করে এবং সমস্ত অন্যায় ও সীমালংঘন থেকে সে পরিপূর্ণ রূপে মুক্ত থাকে। আল্লাহ তা'আলা বলেন-**সূরা ফাজর(৮৯:২৭-২৮)**

يٰٓاَيَّتُهَا النَّفۡسُ الۡمُطۡمَئِنَّةُ - ارۡجِعِىۡۤ اِلٰى رَبِّكِ رَاضِيَةً مَّرۡضِيَّةً

'হে প্রশান্ত আত্মা, তুমি প্রশান্তচিত্তে তোমার পালনকর্তার দিকে ফিরে চলো।

এই আত্মা সবসময়ে রুহ এর সাথে যুদ্ধ করে পরাজয় হয়। সত্য বা রুহ সর্বদা জয়ই হয়। একজন মুসলমান দাবীকার ব্যক্তির নাফসে মুত্বমাইন্নাহ থাকা উচিত।সুতরাং মুসলিম ব্যক্তি তার আত্মার পরিশোধনে এবং আল্লাহর আনুগত্যে নিবিষ্ট হ'তে সর্বদা সচেষ্ট থাকবে। নিজের খারাপ প্রবৃত্তি, কুপ্রবৃত্তি ও শয়তানের প্ররোচনার বিরুদ্ধে সংগ্রাম করা। এটি সর্বপ্রথম ও সবচেয়ে গুরুত্বপূর্ণ জিহাদ। যেমন:

ক. পাপ ও গুনাহ থেকে নিজেকে রক্ষা করা:

যেমন: মিথ্যা বলা, অন্যায় কাজ করা, হারাম উপার্জন থেকে বিরত থাকা।

খ. আল্লাহর আদেশ পালন করা ও নিষেধ থেকে বিরত থাকা:

নিয়মিত সালাত, রোজা, জাকাত পালন ও গীবত, পরনিন্দা, অন্যায় কথা থেকে দূরে থাকা।

গ. আত্মা ও চরিত্র শুদ্ধ করা:আত্মসংযম, বিনয়, ধৈর্য, সহনশীলতা অর্জন করা।

ঘ. জ্ঞান ও ঈমানের বৃদ্ধি:কুরআন, হাদীস, ইসলামী জ্ঞান অর্জন এবং আমল করার চেষ্টার মাধ্যমে আত্মিক উন্নতি সাধন।

ঙ. ইলমে দ্বীন হাছিল করে :পবিত্র কুরআনের **সূরা যুমার (৩৯:৯)** বলা হয়েছে

قُلۡ هَلۡ يَسۡتَوِى الَّذِيۡنَ يَعۡلَمُوۡنَ وَ الَّذِيۡنَ لَا يَعۡلَمُوۡنَ ؕ اِنَّمَا يَتَذَكَّرُ اُولُوا الۡاَلۡبَابِ

বলুন, 'যারা জানে এবং যারা জানে না তারা কি সমান? বুদ্ধিমান লোকেরাই কেবল উপদেশ গ্রহণ করে।'

আমরা মানুষ, সৃষ্টির সেরাজীব আশরাফুল মাখলুকাত। জন্মগতভাবে অন্য প্রাণিদের মতো-ই প্রাণি। তবে অন্যান্য প্রাণি ও আমাদের মাঝে পার্থক্য হলো, 'জ্ঞান থাকা' বা 'না থাকা'। আমাদের খেয়ে-ধেয়ে শুধু জীবনযাপন করলেই হয়না, অর্জন করতে হয় জ্ঞান, হতে হয় জ্ঞানী। আর আমাদের আরেকটি সর্বশ্রেষ্ঠ পরিচয় হলো, আমরা মুসলমান, আমাদের ধর্ম ইসলাম। আমাদের ধর্ম ইসলামে প্রতিটি মানুষকে বলা হয়েছে জ্ঞান অর্জন করার কথা। ইলমে দ্বীন হাছিলের মাধ্যমে আমরা কুপ্রবৃত্তির বিরুদ্ধে জিহাদ করতে পারি। মহান আল্লাহর পক্ষ থেকে তাঁর রাসূলের নিকট অবতীর্ণ অহী-র সূচনা হয়েছিল 'পড়' নির্দেশের মাধ্যম। **আল্লাহ বলেন, সূরা আলাক্ব(৯৬:১)**

اِقۡرَاۡ بِاسۡمِ رَبِّکَ الَّذِیۡ خَلَقَ ۚ

পড়! তোমার রবের নামে যিনি তোমাকে সৃষ্টি করেছেন' ।

আর এই ইলমে দ্বীনের প্রধান উৎস হ'ল পবিত্র কুরআন ও ছহীহ হাদীছ।
নাফসের স্রষ্টা অবশ্যই নাফস সম্পর্কে সর্বাধিক অবগত, যিনি প্রকাশ্য-অপ্রকাশ্য সকল বিষয়ই জানেন। ভাল আত্মা ও খারাপ আত্মা সম্পর্কে তিনি সম্পূর্ণ অবহিত। এজন্য তাঁরই প্রেরিত মহাগ্রন্থ কুরআন মাজীদ মানবাত্মার অন্যতম গাইড বুক হিসাবে বিবেচিত।
নফসের বিরুদ্ধে জিহাদ এমন এক ধারাবাহিক আত্মসংগ্রাম যা একজন মুসলিমের সারাজীবনের কাজ। এটি বাহ্যিক যুদ্ধের চেয়েও অধিক মূল্যবান।
কিতাবুল্লাহর অনুসরণ ও রাসূলুল্লাহ(সাঃ)-এর অনুকরণের মাধ্যমে যখন আমরা ইলমে দ্বীন অর্জনে সচেষ্ট হব, তখন এতদুভয়ের সমন্বয়ে ইসলামের যাবতীয় বিধি-নিষেধ সম্পর্কে পূর্ণ জ্ঞানী হয়ে দাওয়াত ও তাবলীগে আত্মনিয়োগ করতে পারব।
আল্লাহ ইরশাদ করেন, (সূরা বাক্বারাহ ২:২)

ذٰلِکَ الۡکِتٰبُ لَا رَیۡبَ ۚۖۛ فِیۡہِ ۚۛ هُدًی لِّلۡمُتَّقِیۡنَ ۙ

এটা এমন একটা কিতাব যাতে কোনই সন্দেহ নেই, আল্লাহভীরুদের জন্য এটি পথ প্রদর্শক'
।

চ. আমলে সালেহ :

আল্লাহ মানুষ সৃষ্টি করে তাকে চলাফেরা ও আমলের ক্ষমতা দিয়েছেন। যাতে সে আল্লাহর প্রতিনিধি হিসাবে পৃথিবী আবাদ করার জন্য সেখানে বিচরণ করে। মানুষকে আল্লাহ তা'আলা ছিরাতে মুস্তাক্বীমের পথে আহবান করেছেন। তাকে আমলে সালেহের মাধ্যমে ক্বিয়ামতের দিন তার সাক্ষাৎ লাভের ঘোষণা দিয়েছেন। **আল্লাহ বলেন, সূরা ইনশিক্বাক(৮৪:৬)**

يَٰٓأَيُّهَا ٱلۡإِنسَٰنُ إِنَّكَ كَادِحٌ إِلَىٰ رَبِّكَ كَدۡحٗا فَمُلَٰقِيهِ۞

'হে মানুষ তোমাকে তোমার রবের কাছে পৌঁছা পর্যন্ত কষ্ট স্বীকার করতে হবে। অতঃপর তাঁর সাক্ষাৎ পাবে' ।

ইবনু কাছীর (রহঃ) বলেন, 'তোমাকে তোমার রবের সাক্ষাৎ পেতে অত্যন্ত সাধনার মাধ্যমে আমলে ছালেহ সম্পাদন করতে হবে। অতঃপর নেক কাজ করলে নেককার হিসাবে তাঁর সাথে তোমার সাক্ষাৎ হবে। আর বদ কাজ করলে বদকার হিসাবে তাঁর সাথে তোমার সাক্ষাৎ হবে'। সুতরাং নিজেকে আমলে ছালেহ এর উপরে দৃঢ় রাখার মাধ্যমে নফসের কু-প্রবৃত্তির বিরুদ্ধে জিহাদ করতে হবে।

ছ. দাওয়াতে ইল্লাহ করে :আল্লাহর দিকে আহবানের মাধ্যমে জিহাদে নিমগ্ন হওয়া। অর্জিত জ্ঞানের মাধ্যমে মানুষকে আল্লাহর দিকে আহবান করা প্রত্যেকের ঈমানী দায়িত্ব। আল্লাহ তা'আলা ইরশাদ করেন, **সূরা তওবা(৯:১২২)**

وَ لِيُنۡذِرُوۡا قَوۡمَهُمۡ اِذَا رَجَعُوۡۤا اِلَيۡهِمۡ لَعَلَّهُمۡ يَحۡذَرُوۡنَ۞

'যখন তারা স্বজাতির কাছে প্রত্যাবর্তন করবে, তখন যেন তাদেরকে সতর্ক করে, তাহ'লে তারা বাঁচতে পারবে' ।

রাসূলুল্লাহ(সাঃ) বলেন, ***বুখারী (তাওহীদ পাবলিকেশন) হাদিস/৩৪৬১***

عَنْ عَبْدِ اللهِ بْنِ عَمْرٍو أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ بَلِّغُوْا عَنِّيْ وَلَوْ آيَةً

'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আমার কথা পৌঁছিয়ে দাও, তা যদি এক আয়াতও হয়।

জ.*ধৈর্যধারণ করে:ধৈর্য একটি মহৎ গুণ। ধৈর্যের মাধ্যমে আল্লাহর পক্ষ থেকে বিজয় আসে। ধৈর্যধারণ করাটাও নাফসের সাথে সংশ্লিষ্ট। তাই নাফসের বিরুদ্ধে জিহাদ করতে হলে বিপদাপদে ধৈর্যশীল হ'তে হবে। ধৈর্য ধারণ করতে হবে ইলম হাছিলের ক্ষেত্রে, আমলে ছালেহ সম্পাদনের ক্ষেত্রে এবং দাওয়াত ও তাবলীগের ক্ষেত্রে। তায়েফের জনগণকে*

রাসূলুল্লাহ (ছাঃ) তাদেরই কল্যাণের জন্য আহবান করেছিলেন। অথচ তিনি মার খেয়ে রক্তাক্ত হয়ে ফিরে আসলেন; কিন্তু ধৈর্যহারা হলেন না। বাতিলপন্থীরা অন্যায়ের উপর ধৈর্যধারণ করতে পারলে, হকপন্থীদের আরো বেশী ধৈর্যধারণ করা উচিত। অতএব জিহাদের ময়দানে টিকে থাকতে হ'লে অবশ্যই ধৈর্যের সাথে ইলম, আমল, দাওয়াত ও তাবলীগে নিবিষ্টচিত্তে মনোনিবেশ করতে হবে। অন্যথায় প্রকাশ্যভাবে ক্ষতিগ্রস্তদের কাতারে শামিল হ'তে হবে।

ইমাম নববী (রহঃ) বলেন, নবী করীম (সাঃ) *-এর এ কথার ব্যাখ্যা হ'ল, প্রত্যেক মানুষ বিভিন্ন কর্মকান্ড সম্পাদন করে। তাদের কেউ স্রেফ আল্লাহর আনুগত্যেই নিজের জীবনকে উৎসর্গ করে। ফলে আল্লাহ তাকে আযাব থেকে মুক্ত করেন। আর কোন মানুষ শয়তানের অনুসরণ করে, তার খেয়াল-খুশিমত জীবন পরিচালনা করে। ফলে সে শয়তানের সাঙ্গ-পাঙ্গদের সঙ্গী হয়ে ধ্বংসে নিপতিত হয় এবং নিজেকে ধ্বংস করে ফেলে'।*

আল্লাহ বলেন, সূরা আসর (১০৩:১-৩)

–اِلَّا الَّذِيۡنَ اٰمَنُوۡا وَ عَمِلُوا الصّٰلِحٰتِ وَ تَوَاصَوۡا بِالۡحَقِّ ۬ۙ وَ تَوَاصَوۡا بِالصَّبۡرِ – اِنَّ الۡاِنۡسَانَ لَفِیۡ خُسۡرٍ– وَ الۡعَصۡرِ

সময়ের শপথ, নিশ্চয় মানুষ ক্ষতির মাঝে নিপতিত, কিন্তু তারা নয়, যারা ঈমান এনেছে এবং সৎকাজ করেছে আর পরস্পরকে উপদেশ দিয়েছে হকের এবং উপদেশ দিয়েছে ধৈর্যের।

সবর তিন প্রকার-

(১) বিপদে সবর করা (২) পাপ থেকে সবর করা অর্থাৎ বিরত থাকা (৩) আল্লাহর আনুগত্যেসবর করা অর্থাৎ দৃঢ় থাকা।

*প্রথমটি **'আম'** বা **সাধারণ**। দ্বিতীয়টি **'হাসান'** বা **সুন্দর** এবং তৃতীয়টি **'আহসান'** বা **সবচেয়ে সুন্দর।***

অতএব নফসের বিরুদ্ধে জিহাদের অন্যতম মাধ্যম হচ্ছে যেকোন খারাপ ও পাপকর্ম হতে বিরত থেকে হক্কের উপরে নিজেকে দৃঢ় রাখার মাধ্যমে ধৈর্যধারণ করা

২. শয়তানের বিরুদ্ধে জিহাদ:
'শয়তান' হচ্ছে একটি বৈশিষ্ট্যগত নাম। তার নাম ছিল ইবলিস, তাকে ইবলিস ও বলা হয়। ইবলিসকে তার জ্ঞান এবং যোগ্যতার জন্য ফেরেশতা উপাধি দেয়া হয় আর তার নতুন নাম দেয়া হয় আজাজিল ("আল্লাহ্ শক্তিদানকারী")

শয়তান সম্পর্কে মহান আল্লাহ রাব্বুল আলামিন পবিত্র কুরআনের সুরা ইয়াসিন(৩৬:৬০) এ বলেছেনঃ

اَلَمۡ اَعۡهَدۡ اِلَیۡکُمۡ یٰبَنِیۡۤ اٰدَمَ اَنۡ لَّا تَعۡبُدُوا الشَّیۡطٰنَ ۚ اِنَّهٗ لَکُمۡ عَدُوٌّ مُّبِیۡنٌ

"হে বনী আদম! আমি কি তোমাদেরকে নির্দেশ দেইনি যে, তোমরা শয়তানের ইবাদাত করো না(১), কারণ সে তোমাদের প্রকাশ্য শত্রু?"

এছাড়াও পবিত্র কুরআনে,**সুরা বাকারা আয়াত (২:২০৮)** তে আল্লাহ বলেছেন

یٰۤاَیُّهَا الَّذِیۡنَ اٰمَنُوا ادۡخُلُوۡا فِی السِّلۡمِ کَآفَّۃً ۪ وَ لَا تَتَّبِعُوۡا خُطُوٰتِ الشَّیۡطٰنِ ؕ اِنَّهٗ لَکُمۡ عَدُوٌّ مُّبِیۡنٌ

"হে মুমিনগণ! তোমরা পুর্ণাঙ্গভাবে ইসলামে প্রবেশ কর এবং শয়তানের পদাঙ্কসমূহ অনুসরণ করো না। নিশ্চয়ই সে তোমাদের প্রকাশ্য শত্রু"।
কুরআনুল কারিমে মহান আল্লাহ শয়তানের পদাঙ্ক অনুসরণ করতে নিষেধ করেছেন। কুরআন-সুন্নাহর বর্ণনায় পদাঙ্ক অনুসরণের একাধিক ব্যাখ্যা এসেছে-
আল্লামা ইবনে কাসির রাহমাতুল্লাহি আলাইহি বলেন- শয়তানের 'পদাঙ্ক অনুসরণ' দ্বারা উদ্দেশ্য তার পথ, কর্মপদ্ধতি আর সে যে কাজের নির্দেশ দেয়; সে অনুযায়ী কাজ করা।হজরত কাতাদাহ রাহমাতুল্লাহি আলাইহি বলেন, প্রতিটি পাপের কাজই শয়তানের পদাঙ্কের অন্তর্ভুক্ত ' ***(তাফসিরে ইবনে কাসির)***

শয়তানের কুমন্ত্রণা ও বিভ্রান্তির বিরুদ্ধে ঈমান ও তাকওয়া দিয়ে প্রতিরোধ গড়ে তোলা। শয়তানের ধোঁকা, ওয়াসওয়াসা বা মনের কু-প্ররোচনা, ও পাপের দিকে টেনে নেওয়া পথ থেকে নিজেকে রক্ষা করার জন্য লড়াই বা আত্মসংগ্রাম করা। এটি নফসের বিরুদ্ধে জিহাদের মতোই গুরুত্বপূর্ণ এবং অভ্যন্তরীণ জিহাদের একটি প্রধান অংশ। যেমন:

ক. ওয়াসওয়াসা (মনের কুপ্রবণতা) থেকে বাঁচার চেষ্টা করা:শয়তান মানুষের মনে পাপাচারের চিন্তা ঢুকিয়ে দেয়। সেই চিন্তা বা প্ররোচনার বিরুদ্ধে অবস্থান নেয়াই জিহাদ।

খ. সৎ ও ন্যায়পথে অটল থাকা:শয়তান মানুষকে পথভ্রষ্ট করতে চায়। তাই কুরআন ও সুন্নাহ অনুসরণ করে সঠিক পথে থাকা শয়তানের বিরুদ্ধে জিহাদ।

গ. আল্লাহর সাহায্য চাওয়া ও জিকিরে লিপ্ত থাকা:শয়তান দূরে থাকে যখন মানুষ আল্লাহকে বেশি স্মরণ করে। তাই জিকির, কুরআন তিলাওয়াত, ও ইবাদতের মাধ্যমে শয়তানকে দুর্বল করা হয়।

ঘ. সাহস ও ইমানের দৃঢ়তা অর্জন:
শয়তান মানুষের মনকে দুর্বল করতে চায়। ইমান শক্তিশালী করলে শয়তানের কুমন্ত্রণাকে প্রতিহত করা যায়।_***(সূরা ফাতির ৩৫:৬)***

ؕ اِنَّ الشَّيْطٰنَ لَكُمْ عَدُوٌّ فَاتَّخِذُوْهُ عَدُوًّا ؕ اِنَّمَا يَدْعُوْا حِزْبَهٗ لِيَكُوْنُوْا مِنْ اَصْحٰبِ السَّعِيْرِ

নিশ্চয় শয়তান তোমাদের শত্রু; অতএব তাকে শত্রু হিসেবে গণ্য কর।[১] সে তার দলকে কেবল এজন্যই ডাকে যাতে তারা জ্বলন্ত আগুনের অধিবাসী হয়।

[১] অর্থাৎ, তাকে কঠিন শত্রুই মনে কর, তার মিথ্যা প্রবঞ্চনা ও ধোঁকাবাজি থেকে ঐরূপ বাঁচার চেষ্টা কর, যেমন শত্রুর কবল থেকে বাঁচার জন্য মানুষ চেষ্টা করে থাকে। অন্য স্থানে উক্ত বিষয়কে এইভাবে বর্ণনা করা হয়েছে। (أَفَتَتَّخِذُونَهُ وَذُرِّيَّتَهُ أَوْلِيَاءَ مِنْ دُونِي وَهُمْ لَكُمْ عَدُوٌّ بِئْسَ لِلظَّالِمِينَ بَدَلًا) *অর্থাৎ, তবে কি তোমরা আমার পরিবর্তে তাকে ও তার বংশধরকে অভিভাবক বা বন্ধুরূপে গ্রহণ করবে; অথচ তারা তোমাদের শত্রু? সীমালংঘনকারীদের পরিবর্তন কত নিকৃষ্ট!* ***(সূরা কাহ্ফ ১৮:৫০ আয়াত)***

৩. (জিহাদ ফি সাবিলিল্লাহ) কাফের ও শত্রুর বিরুদ্ধে জিহাদ :
ইসলামের শত্রুদের বিরুদ্ধে আত্মরক্ষা ও ইসলামের প্রচারের জন্য শারীরিক ও অস্ত্রের মাধ্যমে যুদ্ধ করা। তবে এটি নির্দিষ্ট শর্তসাপেক্ষ ও ইসলামী রাষ্ট্রের অনুমোদিত হতে হয়।ইসলাম ও মুসলমানদের বিরুদ্ধে যারা বিদ্বেষ, নির্যাতন বা বাধা সৃষ্টি করে—তাদের

বিরুদ্ধে ইসলামের পক্ষ থেকে ন্যায়সঙ্গত প্রতিরোধ, আত্মরক্ষা বা ইসলাম প্রচারে কৌশলী ও ন্যায়ভিত্তিক সংগ্রাম। এটি কেবল যুদ্ধ নয়, বরং এর ভেতর আছে দাওয়াত, যুক্তি-প্রমাণ, শিক্ষা ও আত্মরক্ষার বিভিন্ন দিক। যেমন:

ক. দাওয়াত ও যুক্তি দিয়ে জিহাদ:কুরআনের মাধ্যমে যুক্তি ও সদ্ব্যবহারে ইসলাম প্রচার করা।

খ. রাজনৈতিক বা কৌশলগত জিহাদ:এমন কাফের রাষ্ট্র বা গোষ্ঠীর বিরুদ্ধে যারা মুসলমানদের উপর হামলা চালায় বা তাদের ধর্মীয় স্বাধীনতা হরণ করে।

- সশস্ত্র প্রতিরোধ (যুদ্ধ):এটি সর্বশেষ ধাপ এবং কেবল তখনই বৈধ যখন মুসলমানদের উপর সরাসরি আক্রমণ, দমন-পীড়ন, বা নির্মূলের হুমকি আসে।

(সূরা বাকারা, ২:১৯০)

وَقَاتِلُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ الَّذِيْنَ يُقَاتِلُوْنَكُمْ وَلَا تَعْتَدُوْا ؕ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ الْمُعْتَدِيْنَ ۝

আর তোমরা আল্লাহর রাস্তায় তাদের বিরুদ্ধে লড়াই কর, যারা তোমাদের বিরুদ্ধে লড়াই করে এবং সীমালঙ্ঘন করো না।[১] নিশ্চয় আল্লাহ সীমালঙ্ঘনকারীদেরকে পছন্দ করেন না।

[১] এই আয়াতে প্রথমবার সেই লোকদের বিরুদ্ধে যুদ্ধ করার অনুমতি দেওয়া হয়েছে, যারা মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধের জন্য প্রস্তুত ছিল। আর 'বাড়াবাড়ি করো না'র অর্থ হল, শত্রুর আঙ্গিক বিকৃতি ঘটায়ো না, মহিলা, শিশু এবং এমন বৃদ্ধকে হত্যা করো না, যে যুদ্ধে কোন প্রকার অংশগ্রহণ করেনি। অনুরূপ গাছ-পালা বা ফসলাদি জ্বালিয়ে দেওয়া এবং কোন অভীষ্ট লাভ ছাড়াই পশু-হত্যা করা ইত্যাদিও বাড়াবাড়ি বলে গণ্য হবে, যা থেকে বিরত থাকতে হবে। (ইবনে কাসীর)

ইসলাম ও মুসলমানদের বিরুদ্ধে যারা বিদ্বেষ, নির্যাতন বা বাধা সৃষ্টি করে—তাদের বিরুদ্ধে ইসলামের পক্ষ থেকে ন্যায়সঙ্গত প্রতিরোধ, আত্মরক্ষা বা ইসলাম প্রচারে কৌশলী ও ন্যায়ভিত্তিক সংগ্রাম। এটি কেবল যুদ্ধ নয়, বরং এর ভেতর আছে দাওয়াত, যুক্তি-প্রমাণ, শিক্ষা ও আত্মরক্ষার বিভিন্ন দিক।

৪. জিহাদ বিল ক্বলম ও বিল লিসান (কলম ও মুখের জিহাদ):

কলম, জ্ঞান ও কথার মাধ্যমে অন্যায়ের প্রতিবাদ, সত্যের প্রচার ও ইসলামী শিক্ষা বিস্তারের চেষ্টা।ইসলামের দাওয়াত, ইসলামী জ্ঞান প্রচার, ইসলামবিদ্বেষের জবাব, ভ্রান্ত মতবাদ খণ্ডন করা।বই, প্রবন্ধ, সংবাদ, ব্লগ, সোশ্যাল মিডিয়ায় সত্য তুলে ধরা।

জিহাদ বিল ক্বলম অর্থ **"কলম" বা লেখার মাধ্যমে সত্য প্রতিষ্ঠা ও মিথ্যার প্রতিবাদ করা।**

ইসলামের দাওয়াত, ইসলামী জ্ঞান প্রচার, ইসলামবিদ্বেষের জবাব, ভ্রান্ত মতবাদ খণ্ডন করা।

বই, প্রবন্ধ, সংবাদ, ব্লগ, সোশ্যাল মিডিয়ায় সত্য তুলে ধরা।

কুরআন থেকে দৃষ্টান্ত

(আল ফুরকান ২৫:৫২)

فَلَا تُطِعِ الْكٰفِرِيْنَ وَجَاهِدْهُمْ بِهٖ جِهَادًا كَبِيْرًا

সুতরাং তুমি কাফিরদের আনুগত্য করো না এবং তুমি কুরআনের সাহায্যে তাদের বিরুদ্ধে কঠোর সংগ্রাম কর। [১]

*[১] جاهدهم به এর ه (এ) সর্বনাম দ্বারা **কুরআনের প্রতি ইঙ্গিত** করা হয়েছে। অর্থাৎ, কুরআন দ্বারা কঠোর সংগ্রাম চালিয়ে যাও। আয়াতটি মক্কায় অবতীর্ণ হয়, তখন জিহাদের আদেশ দেওয়া হয়নি। সেই কারণে এর অর্থ হবে কুরআনের আদেশ নিষেধকে প্রকাশ্যভাবে বর্ণনা কর এবং কাফেরদের জন্য যেসব শাস্তির ধমক ও তিরস্কার বর্ণিত হয়েছে, তা তাদের সামনে স্পষ্ট কর।*

জিহাদ বিল লিসান অর্থ **ভাষণ, কথাবার্তা বা দাওয়াতের মাধ্যমে সত্যের জন্য সংগ্রাম।**

ইসলাম প্রচারে বক্তৃতা, বিতর্ক, উপদেশ, মিডিয়া ও জনমত গঠন।ইসলামের ভুল ধারণার প্রতিবাদ ও শান্তির দৃষ্টিভঙ্গি তুলে ধরা।এই দুইটি জিহাদই বর্তমান যুগে সবচেয়ে প্রয়োজনীয় ও কার্যকর মাধ্যম, বিশেষত মিডিয়া ও তথ্যপ্রযুক্তির যুগে।

জিহাদের গুরুত্ব:

"জিহাদ" শব্দটি আরবি ***"জাহাদা"*** ধাতু থেকে উদ্ভূত, যার অর্থ হলো "পরিশ্রম করা", "সংগ্রাম করা" বা "চেষ্টা চালানো"। কোরআন ও হাদিসে জিহাদ শব্দটি বিভিন্ন প্রসঙ্গে ব্যবহৃত হয়েছে, যার মধ্যে সবকটিই কোনো না কোনো ন্যায় ও কল্যাণমূলক কাজে আত্মনিয়োগ বোঝায়।

ইসলামে জিহাদ অত্যন্ত মর্যাদাপূর্ণ একটি ইবাদত। কুরআন ও হাদিসে বহু স্থানে জিহাদের কথা এসেছে:

কুরআনে বলা হয়েছে:

**** (সূরা আনকাবুত, ২৯:৬৯)***

وَالَّذِيْنَ جَاهَدُوْا فِيْنَا لَنَهْدِيَنَّهُمْ سُبُلَنَا ؕ وَاِنَّ اللّٰهَ لَمَعَ الْمُحْسِنِيْنَ

"আর যারা আল্লাহর রাস্তায় জিহাদ করে,[১] আমি অবশ্যই তাদেরকে সৎপথে পরিচালিত করব ।[২] আর নিশ্চয় আল্লাহ সৎকর্মশীলদের সাথেই আছেন।" [৩]

[১] অর্থাৎ, যারা আমার (সন্তুষ্টির পথে) দ্বীনের উপর আমল করতে কষ্ট, পরীক্ষা এবং সমস্যার সম্মুখীন হয়।

[২] এর অর্থ হল, দুনিয়া ও আখেরাতের ঐ সকল পথ, যে সকল পথে চললে আল্লাহর সন্তুষ্টি অর্জন হয়।

[৩] 'ইহ্সান'-এর অর্থ হল, 'আমি যেন আল্লাহকে দেখছি অথবা আল্লাহ আমাকে দেখছেন' মনে করে প্রত্যেক সৎ কাজ আন্তরিকতার সাথে সম্পাদন করা। নবী (সাঃ)-এর তরীকা অনুযায়ী সে কাজ সম্পাদন করা। মন্দের প্রতিশোধে মন্দ না করে ভালো ব্যবহার প্রদর্শন করা। নিজের প্রাপ্য অধিকার ছেড়ে দেওয়া এবং অন্যকে তার অধিকার অপেক্ষা অধিক দেওয়া। এই সকল কর্ম 'ইহ্সান' (সৎকর্মপরায়ণতা)র অন্তর্ভুক্ত।

**** সূরা বাক্বারা ২:২১৬***

كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَّكُمْ ۚ وَعَسٰۤي اَنْ تَكْرَهُوْا شَيْئًا وَّهُوَ خَيْرٌ لَّكُمْ ۚ وَعَسٰۤي اَنْ تُحِبُّوْا شَيْئًا وَّهُوَ شَرٌّ لَّكُمْ ؕ وَاللّٰهُ يَعْلَمُ وَاَنْتُمْ لَا تَعْلَمُوْنَ ۟

তোমাদের উপর লড়াইয়ের বিধান দেয়া হয়েছে, অথচ তা তোমাদের কাছে অপছন্দনীয় এবং হতে পারে কোন বিষয় তোমরা অপছন্দ করছ অথচ তা তোমাদের জন্য কল্যাণকর। আর হতে পারে কোন বিষয় তোমরা পছন্দ করছ অথচ তা তোমাদের জন্য অকল্যাণকর। আর আল্লাহ জানেন এবং তোমরা জান না।[১]

[১]জিহাদের নির্দেশের একটি উপমা পেশ করে ঈমানদারদের বুঝানো হচ্ছে যে, আল্লাহর প্রত্যেকটি নির্দেশের উপর আমল কর, যদিও তা তোমাদের নিকট অপছন্দনীয় ও ভারী মনে হয়। কারণ, এর পরিণাম ও ফলসমূহ কেবল আল্লাহই জানেন, তোমরা জানো না। হতে পারে এতে তোমাদের জন্য কল্যাণ রয়েছে। যেমন, জিহাদের ফলস্বরূপ তোমরা লাভ করবে বিজয়, সাফল্য, মর্যাদা-সম্মান এবং শীর্ষস্থান ও (যুদ্ধলব্ধ) সম্পদ-সামগ্রী। পক্ষান্তরে তোমরা যেটা পছন্দ কর (অর্থাৎ, জিহাদে না গিয়ে ঘরে বসে থাকা), তার ফল তোমাদের জন্য অতীব বিপজ্জনক হতে পারে। অর্থাৎ, শত্রু তোমাদের উপর জয়যুক্ত হবে এবং তোমাদেরকে লাঞ্ছনা ও অবমাননার শিকার হতে হবে।

**** আল-আনফাল ৮:৬০***

وَاَعِدُّوۡا لَہُمۡ مَّا اسۡتَطَعۡتُمۡ مِّنۡ قُوَّۃٍ وَّمِنۡ رِّبَاطِ الۡخَیۡلِ تُرۡہِبُوۡنَ بِہٖ عَدُوَّ اللّٰہِ وَعَدُوَّکُمۡ وَاٰخَرِیۡنَ مِنۡ دُوۡنِہِمۡ ۚ لَا تَعۡلَمُوۡنَہُمۡ ۚ اَللّٰہُ یَعۡلَمُہُمۡ ؕ وَمَا تُنۡفِقُوۡا مِنۡ شَیۡءٍ فِیۡ سَبِیۡلِ اللّٰہِ یُوَفَّ اِلَیۡکُمۡ وَاَنۡتُمۡ لَا تُظۡلَمُوۡنَ ۝

আর তাদের মুকাবিলার জন্য তোমাদের সামর্থ্য অনুযায়ী শক্তি ও অশ্ব বাহিনী প্রস্তুত কর, তা দ্বারা তোমরা ভয় দেখাবে আল্লাহর শত্রু ও তোমাদের শত্রুদেরকে এবং এরা ছাড়া অন্যদেরকেও, যাদেরকে তোমরা জান না, আল্লাহ তাদেরকে জানেন। আর তোমরা যা আল্লাহর রাস্তায় খরচ কর, তা তোমাদেরকে পরিপূর্ণ দেয়া হবে, আর তোমাদেরকে যুলম করা হবে না।[১]

[১] قُوَّة (শক্তি) শব্দের ব্যাখ্যা নবী (সাঃ) হতে প্রমাণিত আছে। তিনি বলেছেন, শক্তি হল, (তীর) নিক্ষেপ। (মুসলিমঃ ইমারাহ অধ্যায় এবং আরো অন্যান্য হাদীসগ্রন্থ)কেননা, সে যুগে তীরই ছিল যুদ্ধের বড় অস্ত্র এবং তীর মারায় দক্ষতা অর্জন ছিল একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিদ্যা। (যেহেতু তাতে দূর থেকেই শত্রু নিপাত করা যায়।) যেমন যুদ্ধের জন্য ঘোড়া ছিল অপরিহার্য ও অতীব প্রয়োজনীয় একটি মাধ্যম, যে কথা আলোচ্য আয়াতে ফুটে উঠেছে। কিন্তু বর্তমান যুগে যুদ্ধে তীর নিক্ষেপ ও ঘোড়ার সেই গুরুত্ব এবং উপকারিতা বাকী নেই।

এই জন্য 'তোমরা তাদের বিরুদ্ধে সাধ্যমত শক্তি প্রস্তুত কর' এই নির্দেশ পালনে অধুনা যুগের যুদ্ধাস্ত্র (যেমন, ক্ষেপণাস্ত্র; রকেট, মিসাইল, ট্যাঙ্ক, কামান, বোমারু বিমান এবং সামুদ্রিক যুদ্ধের জন্য সাবমেরিন প্রভৃতি) এর প্রস্তুতি অত্যাবশ্যক।

**** আলে-ইমরান ৩:১৪২***

اَمْ حَسِبْتُمْ اَنْ تَدْخُلُوا الْجَنَّةَ وَلَمَّا يَعْلَمِ اللّٰهُ الَّذِيْنَ جٰهَدُوْا مِنْكُمْ وَيَعْلَمَ الصّٰبِرِيْنَ

***তোমরা কি মনে কর যে, তোমরা বেহেশ্তে প্রবেশ করবে,[১] যতক্ষণ* না আল্লাহ তোমাদের মধ্যে কে জিহাদ করেছে এবং কে ধৈর্যশীল তা না জানছেন! [২]**

[১] অর্থাৎ, বিনা যুদ্ধে এবং কোন কঠিন পরীক্ষার সম্মুখীন না হয়েই তোমরা জান্নাতে চলে যাবে? না, বরং জান্নাত তারাই লাভ করবে, যারা (আল্লাহ কর্তৃক) পরীক্ষায় পূর্ণভাবে সফলতা অর্জন করবেন। অন্যত্র আল্লাহ বলেছেন,

[২] এই বিষয়টি ইতিপূর্বে সূরা বাক্বারায় আলোচিত হয়েছে। এখানেও আলোচ্য-বিষয়ের সাথে সামঞ্জস্য বজায় রেখে আবারও বর্ণনা করে বলা হচ্ছে যে, জান্নাত এমনিতেই পেয়ে যাবে না। এর জন্য পরীক্ষার তেপান্তর অতিক্রম করতে হবে এবং জিহাদের ময়দানেও তোমাদেরকে পরীক্ষার সম্মুখীন হতে হবে। সেখানে দেখা হবে শত্রুর বেষ্টনীর মধ্যে থেকে তোমরা ধৈর্য ও দৃঢ়তার পরিচয় দিতে পারছ, না পারছ না?

***সূরা হজ – ২২:৭৮**

وَجَاهِدُوْا فِي اللّٰهِ حَقَّ جِهَادِهٖ ۗ هُوَ اجْتَبٰىكُمْ وَمَا جَعَلَ عَلَيْكُمْ فِي الدِّيْنِ مِنْ حَرَجٍ ۗ مِلَّةَ اَبِيْكُمْ اِبْرٰهِيْمَ ۗ هُوَ سَمّٰىكُمُ الْمُسْلِمِيْنَ ۙ مِنْ قَبْلُ وَفِيْ هٰذَا لِيَكُوْنَ الرَّسُوْلُ شَهِيْدًا عَلَيْكُمْ وَتَكُوْنُوْا شُهَدَآءَ عَلَي النَّاسِ ۖۚ فَاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ وَاعْتَصِمُوْا بِاللّٰهِ ۗ هُوَ مَوْلٰىكُمْ ۚ فَنِعْمَ الْمَوْلٰي وَنِعْمَ النَّصِيْرُ

এবং সংগ্রাম কর আল্লাহর পথে যেভাবে সংগ্রাম করা উচিত; [১] তিনি তোমাদেরকে মনোনীত করেছেন। তিনি দ্বীনের ব্যাপারে তোমাদের উপর কোন কঠিনতা আরোপ করেননি; [২] তোমাদের পিতা ইব্রাহীমের মিল্লাত (ধর্মাদর্শ মেনে চল);[৩] তিনি[৪] পূর্বে

তোমাদের নামকরণ করেছেন 'মুসলিম' এবং এই গ্রন্থেও; যাতে রসূল তোমাদের জন্য সাক্ষী স্বরূপ হয় এবং তোমরা সাক্ষী স্বরূপ হও মানব জাতির জন্য।[৫] সুতরাং তোমরা নামায কায়েম কর, যাকাত আদায় কর এবং আল্লাহকে অবলম্বন কর; তিনিই তোমাদের অভিভাবক, কত উত্তম অভিভাবক এবং কত উত্তম সাহায্যকারী তিনি!

[১] *এই 'সংগ্রাম' বলতে কেউ কেউ সেই বৃহৎ 'জিহাদ' উদ্দেশ্য নিয়েছেন যা আল্লাহর কালেমা ও দ্বীনকে উন্নত করার জন্য কাফের ও মুশরিকদের বিরুদ্ধে করা হয়। আবার কেউ কেউ আল্লাহর আদেশাবলী মান্য করার অর্থ নিয়েছেন; যেহেতু তাতেও 'নাফসে আম্মারাহ' (মন্দপ্রবণ মন) ও শয়তানের মুকাবিলা করতে হয়। আবার কেউ কেউ এর ব্যাখ্যায় বলেছেন, তা হল প্রত্যেক সেই চেষ্টা-চরিত্র, যা হক ও সত্যের শির উন্নত এবং বাতিল ও অন্যায়ের শির অবনত তথা চূর্ণ করার জন্য করা হয়।*

[২] *অর্থাৎ, এমন আদেশ নেই, যা মান্য করা অত্যন্ত কষ্টকর (তবে প্রতিটি কর্মেই এক-আধটুকু কষ্ট তো করতেই হয়)। বরং পূর্ববর্তী শরীয়তের কিছু কঠিন আদেশ রহিত করে দেওয়া হয়েছে এবং মুসলিমদের জন্য এমন অনেক সহজতা দান করা হয়েছে; যা পূর্ববর্তী শরীয়তে ছিল না।*

[৩] *আরব জাতি ইসমাঈল (আঃ)-এর বংশধর ছিল। সেই হিসাবে ইবরাহীম (আঃ) হলেন আরববাসীর পিতা। আর অনারবরাও ইবরাহীম (আঃ)-কে একজন উচ্চ সম্মানীয় ব্যক্তি হিসাবে শ্রদ্ধা করত; যেমন পুত্র তার পিতাকে শ্রদ্ধা করে থাকে। সেই হিসাবে তিনি সকলের আদি পিতা ছিলেন। এ ছাড়াও ইসলামের নবী (আরবী হওয়ার কারণে) ইবরাহীম (আঃ) তাঁরও পিতা ছিলেন। আর এই জন্য তিনি সকল উম্মতে মুহাম্মাদীরও পিতা হলেন। এই জন্য বলা হচ্ছে যে, এটাই হল ইসলাম ধর্ম; যা মহান আল্লাহ তোমাদের জন্য মনোনীত করেছেন; যা তোমাদের আদি পিতা ইবরাহীমেরই ধর্ম। অতএব তোমরা সেই ধর্মের অনুসারী হও।*

[8]هُو□ *(সে বা তিনি) শব্দটি দ্বারা কেউ কেউ বলেন, ইবরাহীমকে বুঝানো হয়েছে। অর্থাৎ, কুরআন অবতীর্ণ হওয়ার পূর্বেই ইবরাহীম (আঃ)-ই তোমাদের 'মুসলিম' নামকরণ করেছেন। আবার কেউ কেউ বলেন, উক্ত সর্বনাম দ্বারা আল্লাহকে বুঝানো হয়েছে। অর্থাৎ, তিনি (আল্লাহ)ই তোমাদের নাম রেখেছেন 'মুসলিম'।*

[৫] এই সাক্ষ্যদান কিয়ামতের দিন হবে; যেমন হাদীসে উল্লেখ রয়েছে। ***(সূরা বাকারার ২:১৪৩ নং আয়াতের দ্রষ্টব্যে)***

*** সূরা তাওবা – ৯:৪১**

اِنْفِرُوْا خِفَافًا وَّثِقَالًا وَّجَاهِدُوْا بِاَمْوَالِكُمْ وَاَنْفُسِكُمْ فِيْ سَبِيْلِ اللهِ ؕ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ۝

দুর্বল হও অথবা সবল, সর্বাবস্থাতেই তোমরা বের হও[১] এবং আল্লাহর পথে নিজেদের মাল ও জান দ্বারা জিহাদ কর। এটা তোমাদের জন্য অতি উত্তম, যদি তোমরা জানতে।

[১] এর নানা অর্থ বর্ণনা করা হয়েছে। যেমন, একাকী হও কিম্বা দলবদ্ধভাবে, খুশী হয়ে অথবা অখুশী হয়ে, গরীব হও অথবা আমীর, যুবক হও অথবা বৃদ্ধ, পায়ে হেঁটে হোক অথবা সওয়ার হয়ে, সন্তানবান হও অথবা সন্তানহীন, সৈন্যদলের অগ্রে থাকো অথবা পিছনে। ***ইমাম শওকানী (রঃ)*** *বলেন, আয়াতটি এই সমস্ত অর্থের জন্য ব্যাপক হতে পারে। যেহেতু আয়াতের অর্থ এই যে, "তোমরা জিহাদে বের হও; চাহে তা তোমাদের জন্য ভারী মনে হোক অথবা হালকা।" আর এই অর্থে উল্লিখিত সমস্ত অর্থ এসে যায়।*

- **আনাস ইব্‌নু মালিক (রাঃ) হতে বর্ণিত,**

নবী (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন:
"জিহাদের একটি মুহূর্ত, রাত বা দিন অতিবাহিত করা, দুনিয়া ও দুনিয়ার যাবতীয় ধনসম্পদের চেয়ে উত্তম।"
— (বুখারী, হাদীস: ২৭৯২)

- **মুয়ায ইবনে জাবাল রা. থেকে বর্ণিত :**

তাবুক থেকে ফিরবার পথে আমরা রাসূলুল্লাহর(সা:) সাথে ছিলাম । তিনি আমাকে বললেন:" তুমি চাইলে আমি তোমাকে একটি বিষয়ের প্রধান এর স্তম্ভ ও এর চূড়া সম্বন্ধে বলতে পারি"। আমি বললাম: "জ্বী ইয়া রাসুলুল্লাহ(সা:)",তিনি বললেন," ইসলাম হচ্ছে বিষয়টির প্রধান সালাত হচ্ছে স্তম্ভ এবং জিহাদ হচ্ছে এর চূড়া।"
সহীহ বুখারী- ভলিউম-৪,বই- ৫২,নং- ৪৪

- <u>যায়েদ ইবনে আসলাম রা. তার পিতা থেকে বর্ণনা করেন যে,</u> *রাসূলুল্লাহ (সা:)বলেছেন: "যতক্ষণ পর্যন্ত আসমান থেকে বৃষ্টির ফোঁটা পড়বে, ততক্ষণ পর্যন্তই সতেজ ও চির সবুজ রূপে জিহাদ চলবে ।আর মানুষের উপর এমন এক সময় আসবে, যখন তাদের মধ্যকার কুরআন তেলাওয়াতকারীরা বলবে: 'এখন জিহাদের সময় নয়' অতএব, যে কেউ সেই সময়ে থাকবে, জিহাদের জন্য সেটা সর্বোত্তম সময়।" তারা বলল :"ইয়া রাসুলুল্লাহ! সত্যই কি কেউ এমন বলবে ?" তিনি বললেন:" হ্যাঁ, তার ওপর আল্লাহর লা'নত এবং ফেরেশতাকুল ও সমগ্র মানবজাতির লা'নত।"<u>[উসূল-আস সুন্নাহ মুরসালানে ইবনে যামনীন কর্তৃক বর্ণিত এবং আনাস রা. থেকে ইবনে আসাকির মারফুয়ান কর্তৃক বর্ণিত]</u>*

জিহাদের গুরুত্বের দিকসমূহ:

দিক	বর্ণনা
আত্মশুদ্ধি	নফস ও শয়তানের বিরুদ্ধে সংগ্রামে আত্মা পবিত্র হয়
সামাজিক দায়িত্ব	মজলুমদের রক্ষা, অন্যায়ের প্রতিবাদ, শান্তি প্রতিষ্ঠা
ইসলামের প্রচার	দাওয়াত, যুক্তি, কলম ও ভাষার মাধ্যমে ইসলামের সেবা
সাহস ও আত্মত্যাগ	আল্লাহর সন্তুষ্টির জন্য প্রাণ, সম্পদ ও সময় উৎসর্গ

জিহাদের শ্রেণিবিভাগ :

১. আত্মিক জিহাদ (নফসের বিরুদ্ধে):
নিজেকে পাপ, লোভ, হিংসা, অহংকার, কামনা-বাসনা থেকে মুক্ত রেখে আল্লাহর পথে চলার চেষ্টাকে বলা হয় আত্মিক জিহাদ। এই জিহাদ প্রতিদিন করতে হয় এবং এটি জীবনের প্রতিটি ক্ষেত্রে প্রাসঙ্গিক।

২. বুদ্ধিবৃত্তিক ও সাংস্কৃতিক জিহাদ:
ইসলামের জ্ঞান ও আদর্শ প্রচার করা, ভুল তথ্যের জবাব দেয়া, ইসলামী সাহিত্য, শিক্ষা ও মিডিয়ায় অবদান রাখা। আজকের দিনে এটি খুবই গুরুত্বপূর্ণ।

৩. সামাজিক ও অর্থনৈতিক জিহাদ:
গরীব ও অভাবীমানুষের পাশে দাঁড়ানো, অন্যায়-অবিচারের বিরুদ্ধে সোচ্চার হওয়া এবং সমাজে ন্যায় ও শান্তি প্রতিষ্ঠার জন্য কাজ করাও জিহাদের অন্তর্ভুক্ত।

৪. শারীরিক জিহাদ (সামরিক জিহাদ):
যখন মুসলমানদের উপর নির্যাতন হয়, তাদের দেশ বা ধর্ম আক্রান্ত হয় — তখন প্রতিরক্ষার জন্য অস্ত্র হাতে নেওয়া। এটি সর্বশেষ পর্যায়ের জিহাদ, এবং তা শুধুমাত্র রাষ্ট্র ও ইসলামী নেতৃত্বের অনুমতিক্রমেজিহাদের গুরুত্ব কোরআন ও সুন্নাহর আলোকে:

**** আস-সাফ ৬১:৪***

اِنَّ اللّٰہَ یُحِبُّ الَّذِیۡنَ یُقَاتِلُوۡنَ فِیۡ سَبِیۡلِہٖ صَفًّا کَاَنَّہُمۡ بُنۡیَانٌ مَّرۡصُوۡص ٌ

নিশ্চয় আল্লাহ তাদেরকে ভালবাসেন, যারা তাঁর পথে সারিবদ্ধ হয়ে যুদ্ধ করে যেন তারা সীসা ঢালা প্রাচীর।[১]

[১] এখানে জিহাদকে একটি বড় মাহাত্ম্যপূর্ণ নেক কাজ বলা হয়েছে; যা আল্লাহর নিকট অনেক প্রিয় আমল।

**** আন-নিসা ৪:৯৫***

لَا يَسْتَوِي الْقٰعِدُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ غَيْرُ أُولِي الضَّرَرِ وَالْمُجٰهِدُوْنَ فِيْ سَبِيْلِ اللهِ بِاَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ ؕ فَضَّلَ اللهُ الْمُجٰهِدِيْنَ بِاَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ عَلَي الْقٰعِدِيْنَ دَرَجَةً ؕ وَكُلًّا وَّعَدَ اللهُ الْحُسْنٰي ؕ وَفَضَّلَ اللهُ الْمُجٰهِدِيْنَ عَلَي الْقٰعِدِيْنَ اَجْرًا عَظِيْمًا ۙ

বসে থাকা মুমিনগণ, যারা ওযরগ্রস্ত নয় এবং নিজদের জান ও মাল দ্বারা আল্লাহর রাস্তায় জিহাদকারীগণ এক সমান নয়।[১] নিজদের জান ও মাল দ্বারা জিহাদকারীদের মর্যাদা আল্লাহ বসে থাকাদের উপর অনেক বাড়িয়ে দিয়েছেন। আর আল্লাহ প্রত্যেককেই কল্যাণের প্রতিশ্রুতি দিয়েছেন [২] এবং আল্লাহ জিহাদকারীদেরকে বসে থাকাদের উপর মহা পুরস্কার দ্বারা শ্রেষ্ঠত্ব দান করেছেন।

*[১] যখন এই আয়াত নাযিল হল যে, 'যারা আল্লাহর রাস্তায় জিহাদ করে তারা এবং যারা বাড়ীতে অবস্থান করে তারা পরস্পর সমান নয়', তখন আব্দুল্লাহ ইবনে উম্মে মাকতুম (রাঃ) (অন্ধ সাহাবী) প্রভৃতিরা অভিযোগ করলেন যে, আমরা তো অক্ষম, যার কারণে আমরা জিহাদে অংশ গ্রহণ করা থেকে বঞ্চিত। উদ্দেশ্য ছিল, ঘরে অবস্থান করার কারণে জিহাদে অংশ গ্রহণকারীদের সমান আমরা নেকী ও সওয়াব অর্জন করতে পারব না, অথচ আমাদের ঘরে অবস্থান স্বেচ্ছায় এবং জান বাঁচানোর জন্য নয়, বরং শরয়ী কারণেই। তাই মহান আল্লাহ [غَيْرُ أُولى الضَّرَر] (যারা অক্ষম নয়) কথাটি নাযিল করলেন। অর্থাৎ, যারা সঙ্গত ওজরের কারণে বাড়ীতে অবস্থান করে, তারাও মুজাহিদদের মত নেকীতে সমান সমান শরীক থাকবে। কারণ, (حَبَسَهُمُ العُذْر) "**ওজরই** তাদের পথে বাধা হয়েছে।" (সহীহ বুখারী, জিহাদ অধ্যায়ঃ)*

[২] অর্থাৎ, জান ও মাল সহ জিহাদে অংশ গ্রহণকারীরা বৈশিষ্ট্য লাভের অধিকারী হবে। আর জিহাদে যারা অংশগ্রহণ করতে পারে না, তারা এই বৈশিষ্ট্য লাভ থেকে বঞ্চিত হলেও মহান আল্লাহ উভয়কেই উত্তম প্রতিদান দেওয়ার অঙ্গীকার করেছেন। এটাকেই দলীল হিসাবে গ্রহণ করে উলামারা বলেছেন যে, সাধারণ অবস্থায় জিহাদ 'ফারযে আ'ইন'(যা করা সকলের উপর ফরয) নয়, বরং 'ফারযে কিফায়াহ' (যা উম্মতের যথেষ্ট পরিমাণ লোক করলেই হয়)। অর্থাৎ, যে পরিমাণ লোকের প্রয়োজন সে পরিমাণ লোক জিহাদে অংশ গ্রহণ করলেই মনে করে নেওয়া হবে যে, সেই অঞ্চলের অন্য লোকদের পক্ষ হতে এই ফরয আদায় হয়ে গেছে।

বৈধ।

***দরুদ ও সালাম বর্ষিত হোক দিক-নির্দেশনা দানকারী ইমাম সাইয়্যেদুল মুরসালীন রাসূল (সাঃ) সালামের প্রতি যিনি ঘোষণা দিয়েছেন**

"সেই মহান সত্তার শপথ! যার হাতে আমার জীবন আমার ইচ্ছে হয় যে, আমি আল্লাহর পথে (যুদ্ধ করে) নিহত হই, আবার জীবিত হই, আবার নিহত হয়ে ,আবার জীবিত হই, আবার নিহত হয়।"

অনুরূপ শব্দ দ্বারা আল বুখারী (৩৬,২৭৯৭,৭২২৬) এবং মুসলিম (১৮৭৬)-এ বর্ণিত হয়েছে।

তিনি আরো বলেছেন,

"তোমরা আমল করতে থাকো, কারণ যাকে যে আমলের জন্য সৃষ্টি করা হয়েছে ,তার জন্য সেই কাজ সহজ করে দেয়া হবে।"

অনুরূপ শব্দ দ্বারা আল বুখারী (৪৯৪৯,৭৫৫১)মুসলিম (২৬৪৭,২৬৪৯) বর্ণিত হয়েছে

"জিহাদ" ইসলামে এমন একটি মৌলিক শিক্ষা যা মানুষের আত্মশুদ্ধি, সমাজ সংস্কার, ইসলামের প্রচার এবং মজলুমদের রক্ষার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এটি কেবল যুদ্ধ নয়, বরং একটি সার্বিক জীবনব্যবস্থা ও নৈতিক সংগ্রামের নাম এবং মুজাহিদের জন্য জান্নাতের অগ্রাধিকার।

জিহাদ ও তার পূর্বশর্ত

'জিহাদ' অর্থ **প্রচেষ্টা, সংগ্রাম, পরিশ্রম** ইত্যাদি।[1]

আল্লাহর বিধান পালনের ও প্রচারের সকল শ্রম বা প্রচেষ্টাকেই কুরআন ও হাদীসে কখনো কখনো 'জিহাদ' বলা হয়েছে। যেমন, কাফির-মুনাফিকদের দাওয়াত দেওয়া ও তাদের অন্যায়ের প্রতিবাদকে জিহাদ বলা হয়েছে।[2]

যালিম শাসকের সামনে সত্য ও ন্যায়ের কথা বলাকে সর্বশ্রেষ্ঠ জিহাদ বলা হয়েছে।[3]

হজ্জকে জিহাদ এবং সর্বশ্রেষ্ঠ জিহাদ বলা হয়েছে।[4]

আল্লাহর আনুগত্য-মূলক বা আত্মশুদ্ধিমূলক যে কোনো কর্মের চেষ্টাকে জিহাদ বলা হয়েছে।[5] তবে ইসলামী পরিভাষায় ও ইসলামী ফিক্বেহ জিহাদ বলতে ''কিতাল'' বা মুসলিম রাষ্ট্রের রাষ্ট্রীয় যুদ্ধকেই বুঝানো হয়। ফিকহের পরিভাষায় সর্বদা জিহাদ অর্থ কিতাল বলা হয়েছে।[6]

কতল অর্থ **হত্যা করা**। আর **কিতাল** অর্থ **পরস্পরে যুদ্ধ**। এজন্য জিহাদ বা কিতালের **মূল শর্ত হলো সামনাসামনি 'যুদ্ধ'**। পিছন থেকে হত্যা করা, না জানিয়ে হত্যা করা, গুপ্ত হত্যা করা এগুলি কখনোই ইসলামী কিতাল বা জিহাদ নয়।

মদীনার রাষ্ট্র প্রতিষ্ঠার পর থেকে রাসূলুল্লাহ **(সাঃ)....**এর নেতৃত্বে মুসলিমগণ অনেক 'কিতাল' করেছেন। যুদ্ধের ময়দান ছাড়া কাফিরদের দেশে যেয়ে গোপনে হত্যা, সন্ত্রাস, অগ্নি সংযোগ, বিষ প্রয়োগ ইত্যাদি কখনোই তিনি করেননি বা করার অনুমতি প্রদান করেননি। দুই-একটি ক্ষেত্রে যুদ্ধরত সামরিক নেতা বা মৃত্যুদন্ডপ্রাপ্ত আসামীকে যথাসম্ভব কম রক্তপাতে মৃত্যুদন্ড প্রদানের জন্য রাষ্ট্রের পক্ষ থেকে গোপন ''কমান্ডো'' অভিযান পারিচালনা করার অনুমতি দেন তিনি। কাব ইবনু আশরাফ ও আবূ রাফি সালাম ইবনু আবিল হুকাইক-এর মৃত্যুদন্ড কার্যকর করতে কমান্ডো অভিযান ছিল এ পর্যায়ের। এরূপ অভিযানের মাধ্যমে তিনি মুসলিম বাহিনী ও শত্রু বাহিনী উভয় পক্ষের হতাহতের সংখ্যা প্রায় শূন্যে আনতে সক্ষম হয়েছেন।[7] রাষ্ট্র নিয়ন্ত্রিত এরূপ কমান্ডো হামলা ছাড়া অন্য কোনোভাবে যুদ্ধের ময়দান ও বিচার ছাড়া তিনি হত্যার অনুমতি দেন নি। এমনকি যুদ্ধের ময়দানেও অযোদ্ধাকে আঘাত করতে তিনি নিষেধ করেছেন।

কিতাল বা যুদ্ধের ক্ষেত্রে ইসলাম অনেক শর্ত আরোপ করেছে। সেগুলির অন্যতম (১) রাষ্ট্রের বিদ্যমানতা ও রাষ্ট্রপ্রধানের অনুমতি, (২) রাষ্ট্র বা মুসলিমদের নিরাপত্তা বিঘ্নিত হওয়া, (৩) সন্ধি ও শান্তির সুযোগকে প্রাধান্য দেওয়া ও (৪) কেবলমাত্র যোদ্ধা লক্ষ্যবস্তুতে আঘাত করা।

(১) রাষ্ট্রের অস্তিত্ব ও রাষ্ট্রপ্রধানের অনুমোদন:

ইসলামে জিহাদের বৈধতার সর্বপ্রথম শর্ত হলো রাষ্ট্রের অস্তিত্ব। কিতাল বা জিহাদ কখনোই ইসলামী রাষ্ট্র বা ইসলামী বিচার ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যম নয়। ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার একমাত্র মাধ্যম 'দা'ওয়াত' বা প্রচার। কিতাল হলো প্রতিষ্ঠিত রাষ্ট্রের সংরক্ষণ, রাষ্ট্র ও নাগরিকদের নিরাপত্তার মাধ্যম। রাসূলুল্লাহ **(সাঃ)** দাওয়াতের মাধ্যমে ইসলামী সমাজ প্রতিষ্ঠার চেষ্টা করেন। দাওয়াতের বিরুদ্ধে অমানবিক বর্বরতা ও সহিংস প্রতিরোধকে তিনি পরিপূর্ণ অহিংস উত্তম আচরণ দিয়ে মুকাবিলা করেছেন। আবূ বাকর, উমার, উসমান, আব্দুর রাহমান ইবনু আউফ ও মক্কার আরো অনেক শীর্ষস্থানীয় সামাজিক নেতা ইসলাম গ্রহণ করেছিলেন। তাদের সাথে সাধারণ অনেক মুসলিম ছিলেন। তাঁরা সর্বদা রাসুলুল্লাহ **(সাঃ)**এর কাছে অনুমতি চেয়েছেন কাফিরদের সহিংস আচরণকে প্রতিরোধ করতে বা তাদের বর্বরতার প্রতিবাদে অস্ত্র তুলে নিতে। কিন্তু কখনোই সে অনুমতি দেওয়া হয় নি। এক পর্যায়ে দাওয়াতের ভিত্তিতে মদীনার সংখ্যাগরিষ্ঠ জনগণ ইসলামী জীবনব্যবস্থা মেনে নেন এবং রাসূলুল্লাহ **(সাঃ)**-কে তাঁদের রাষ্ট্রপ্রধান হিসাবে গ্রহণ করেন। এভাবে দাওয়াতের মাধ্যমে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়।

মুশরিকগণ এ নতুন রাষ্ট্রটিকে অঙ্কুরেই বিনাশ করতে চেষ্টা করে। তখন রাষ্ট্র ও নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য জিহাদের বিধান প্রদান করা হয়। রাষ্ট্রের বিদ্যমানতা ও রাষ্ট্রপ্রধানের অনুমতি বা নির্দেশ জিহাদের বৈধতার শর্ত বলে উল্লেখ করে রাসূলুল্লাহ **(সাঃ)** বলেন:

إنما الإمامُ جُنةٌ . يُقاتلُ من ورائه

"রাষ্টপ্রধান ঢাল, যাকে সামনে রেখে যুদ্ধ পরিচালিত হবে।"[8]

এজন্য আমরা দেখতে পাই যে, সাহাবীগণ রাষ্ট্রীয় নেতৃত্বের বাইরে যুদ্ধ বা কিতালে লিপ্ত হন নি। **আলী (রা)**-এর সাথে **মু'আবিয়া (রা)**-এর যুদ্ধ ছিল রাষ্ট্রীয় যুদ্ধ। ইয়াযিদের বিরুদ্ধে ইমাম হুসাইনের যুদ্ধ ও উমাইয়া শাসকদের সাথে আব্দুল্লাহ ইবনু যুবাইরের যুদ্ধ ছিল একান্তই রাষ্ট্রীয় যুদ্ধ। মুআবিয়ার (রা) মৃত্যুর পরে কূফাবাসীগণ ইমাম হুসাইনকে (রা) রাষ্ট্রপ্রধান হিসেবে বাইয়াত করে পত্র লিখেন। তারা ইমাম হুসাইনকেই বৈধ রাষ্ট্রপতি হিসেবে গ্রহণ করেন এবং ইয়াযিদের রাষ্ট্রক্ষমতার দাবি অস্বীকার করেন। এভাবে মুসলিম সমাজ দুটি রাষ্ট্রে বিভক্ত হয়ে পড়ে এবং যুদ্ধবিগ্রহ সংঘটিত হয়। **আব্দুল্লাহ ইবনু যুবাইরের (রা)** ক্ষেত্রেও বিষয়টি একইরূপ ছিল। এ সকল বৈধ রাষ্ট্রীয় যুদ্ধও যেহেতু মুসলিমদের বিরুদ্ধে পরিচালিত হতো, সেজন্য সাহাবীগণ সাধারণত এগুলিতে অংশ গ্রহণ থেকে বিরত থাকতেন, যদিও তাঁরা মুসলিম রাষ্ট্রপ্রধান কর্তৃক বিদ্রোহী মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধের বৈধতা স্বীকার করতেন। আমরা দেখেছি যে, আলী (রা)-এর সময়ের যুদ্ধে **৩০ জনেরও কম সাহাবী অংশ নিয়েছেন** বলে জানিয়েছেন প্রসিদ্ধ তাবিয়ী ইবনু সিরীন, যদিও তখন হাজার হাজার সাহাবী জীবিত ছিলেন। **৭৩ হিজরীতে** হাজ্জাজ ইবনু ইউসূফ যখন মক্কা অবরোধ করে ইবনু যুবাইরের বিরুদ্ধে ধ্বংসাত্মক আক্রমন চালাতে থাকে, তখন দুই ব্যক্তি **আব্দুল্লাহ ইবনু উমার (রা)-এর নিকট এসে বলে,**

إنَّ الناسَ ضَيَّعوا وأنتَ ابنُ عُمَرَ، وصاحبُ النبيِّ صلَّى اللهُ عليه وسلَّم، فما يَمنَعُكَ أن تَخرُجَ ؟ فقال : يَمنَعُني أنَّ الله حَرَّمَ دمَ أخي

وفي رواية: ما حملك على أن تحج عاماً وتعتمر عاماً وتترك الجهاد في سبيل الله عز وجل وقد علمت ما رغب الله فيه قال يا ابن أخي بني الإسلام على خمس إيمان بالله ورسوله والصلوات الخمس وصيام رمضان وأداء الزكاة وحج البيت

মানুষেরা ধ্বংস হয়ে যাচ্ছে। আপনি ইবনু উমার, রাসুলুল্লাহ ***(সাঃ)****এর সাহাবী, আপনাকে বেরিয়ে যুদ্ধে অংশ নিতে বাধা দিচ্ছে কিসে? তিনি বলেন, "আল্লাহ আমার ভাইয়ের রক্ত হারাম করেছেন, এ-ই আমাকে যুদ্ধে অংশ নিতে বাধা দিচ্ছে।" অন্য বর্ণনায় তারা বলে, "কি কারণে আপনি এক বছর হজ্জ করেন আরেক বছর উমরা করেন এবং আল্লাহর রাস্তায় জিহাদ পরিত্যাগ করেন? অথচ আপনি জানেন যে, আল্লাহ জিহাদের জন্য কী পরিমাণ উৎসাহ ও প্রেরণা দিয়েছেন?" তখন আব্দুল্লাহ ইবনু উমার (রা) বলেন, "ভাতিজা, ইসলাম প্রতিষ্ঠিত হয়েছে পাঁচটি বিষয়ের উপর: আল্লাহ ও তাঁর রাসূলের* ***(সাঃ)*** *উপর বিশ্বাস স্থাপন করা, পাঁচ ওয়াক্ত সালাত, রামাযানের সিয়াম, যাকাত প্রদান ও বাইতুল্লাহর হজ্জ।"****[9]***

এখানে **আব্দুল্লাহ ইবনু উমার (রা)** জিহাদের আদেশ ও হত্যার নিষেধাজ্ঞার মধ্যে তুলনা করছেন। ইসলামের মূলনীতি, আদেশ পালনের চেয়ে নিষেধ বর্জন অগ্রগণ্য।[10] বিশেষত এ ক্ষেত্রে নিষিদ্ধ কর্মটি কুরআন-হাদীসে বারংবার ভয়ঙ্করতম কবীরা গোনাহ হিসেবে উল্লেখ করা হয়েছে

এছাড়া জিহাদ আরকানে ইসলামের মত মুমিনের জীবনের অবিচ্ছেদ্য অংশ নয় বা উদ্দিষ্ট ইবাদত নয়, বরং তা উদ্দিষ্ট ইবাদতগুলি পালনের উপকরণ মাত্র। জিহাদের মাধ্যমে মূল ইবাদগুলি পালনের পরিবেশ রক্ষা করা হয়। পরিবেশ বিদ্যমান থাকলে আর জিহাদের প্রয়োজন থাকে না। উদ্দিষ্ট ইবাদত কখনো স্থগিত হয় না; উপকরণ স্থগিত হতে পারে। সালাত, সিয়াম ইত্যাদি ইবাদত সর্বদা সর্বাবস্থায় পালনীয়। পক্ষান্তরে "জিহাদ" কেবলমাত্র এ সকল ইবাদত পালনের বিঘ্ন ঘটলেই পালনীয়। সালাত, সিয়াম, তিলাওয়াত, যিক্র ইত্যাদি কর্ম সরাসরি ইবাদত। মুমিন যত বেশি পালন করবেন ততবেশি সাওয়াব লাভ করবেন। পক্ষান্তরে জিহাদ হলো অপরাধীর শাস্তি দেওয়ার মত ইবাদত। এক্ষেত্রে যত বেশি অপরাধীর শাস্তি দেওয়া হবে তত বেশি সাওয়াব হবে বলে মনে করার কোনো সুযোগ নেই। যদি অপরাধ প্রমাণিত হয় তাহলে শরীয়ত অনুসারে শাস্তি প্রদান ইবাদত বা দায়িত্বে পরিণত হয়। এজন্য ইসলামে শাস্তি প্রদান প্রক্রিয়া কঠিন করা হয়েছে এবং সামান্যতম সন্দেহের ক্ষেত্রে শাস্তিপ্রদান থেকে বিরত থাকতে বলা হয়েছে। আর এজন্যই জিহাদ এড়ানোর জন্য ইসলামে সন্ধি ও শান্তিকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।

এথেকে আমরা বুঝতে পারি যে, জিহাদ মূলত ইসলামী রাষ্ট্রের সংরক্ষণ ও ইসলামী দাওয়াতকে এগিয়ে নেওয়ার **"উপকরণ"।** প্রয়োজনে তা অবশ্যই ব্যবহার করতে হবে। তবে সর্বাবস্থায় চেষ্টা করতে হবে এ ব্যবস্থা এড়িয়ে সন্ধি বা শান্তির মাধ্যমে মূল উদ্দেশ্য সাধান করার। জিহাদের বারংবার আদেশ করা হলেও তার জন্য অনেক শর্ত উল্লেখ করা হয়েছে,

তাকে ফরয আইন বলে কোথাও উল্লেখ করা হয় নি এবং তা পরিত্যাগের অনুমতি দেওয়া হয়েছে। কাজেই পরিত্যাগযোগ্য একটি কম পালনের জন্য মুমিন কখনোই ভয়ঙ্করতম একটি হারামে লিপ্ত হতে পারেন না। এক্ষেত্রে তাঁদের মূলনীতি ছিল যে, ভুল জিহাদের মানুষ হত্যা বা মানুষের ক্ষতি করার চেয়ে সঠিক জিহাদ বর্জন করা অনেক শ্রেয়।

এভাবে আমরা দেখি যে, সাহাবীগণ সন্দেহের ক্ষেত্রে রাষ্ট্রীয় নেতৃত্বে বৈধ জিহাদেও অংশ গ্রহণ থেকে বিরত থাকতেন। আর রাষ্ট্রীয় নেতৃত্বের বাইরে কখনোই কোনো যুদ্ধ তারা বৈধ বলে মনে করেননি। খারিজীগণের আবির্ভাবের ভবিষ্যদ্বাণী বিষয়ক হাদীসগুলিতে রাসূলুল্লাহ (ﷺ) খারিজীদেরকে হত্যা করার নির্দেশ দিয়েছেন। এমনকি তিনি বলেছেন, ‘‘তোমাদের মধ্যে যারা তাদেরকে পাবে তারা যেন তাদেরকে হত্যা করে।’’ সাহাবীগণ এ থেকে কখনোই বুঝেন নি যে, *খারিজীদেরকে পেলেই হত্যা করতে হবে। তাঁরা কখনোই যুদ্ধের ময়দান ছাড়া অন্যত্র কোনো সুপরিচিত খারিজী নেতাকেও হত্যা করেননি।[11]*

২) রাষ্ট্র বা মুসলিমের নিরাপত্তা:

কিতালের অন্যতম শর্ত, শত্রুপক্ষ রাষ্ট্র আক্রমণ করবে বা রাষ্ট্রের নিরাপত্তা হুমকির সম্মুখীন হবে। **মহান আল্লাহ বলেন:**

সূরা হজ্জ(২২:৩৯)

أُذِنَ لِلَّذِينَ يُقَاتَلُونَ بِأَنَّهُمْ ظُلِمُوا

